ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৭২
আগরতলা, ১ আগস্ট, ২০২৫

**প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে**
**পশ্চিম জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত**

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে আজ প্রজ্ঞাভবনের ২নং এবং ৩নং হলে পশ্চিম জেলাভিত্তিক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। পশ্চিম জেলা প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষ এই কর্মশালার আয়োজন করে। এই কর্মশালার সূচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। উপস্থিত ছিলেন সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস, এনডিআরএফ-এর ইন্সপেক্টর এম কে মিনা ছাড়াও পশ্চিম জেলার প্রায় ১৫০টি ক্লাবের সভাপতি, সাধারণ সম্পাদক, সদস্য, সদস্যাগণ, এসডিআরএফ, আপদামিত্র, সিভিল ডিফেন্স-এর প্রতিনিধিগণ।

কর্মশালায় অংশ নিয়ে পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ক্লাবগুলিকে প্রশাসন ও কমিউনিটির মধ্যে সেতুবন্ধনের মতো কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, এ লক্ষ্যেই আজ পশ্চিম জেলার প্রায় দেড়শো ক্লাবকে নিয়ে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, প্রাকৃতিক দুর্যোগের সময় জনগণের জীবন ও সম্পত্তি যাতে রক্ষা পায় সে বিষয়ে সরকার গুরুত্বারোপ করেছে। গত বছরের আগষ্ট মাসের বন্যা দুর্গতদের সাহায্যার্থে বিভিন্ন ক্লাব ভাল কাজ করেছে। তিনি বলেন, কর্মশালায় আজ বিভিন্ন ক্লাব যে পরামর্শ ও প্রস্তাব দিয়েছে তা ডিস্ট্রিক্ট ম্যানেজমেন্ট প্ল্যান-এ অন্তর্ভুক্ত করা হবে। এই বিপর্যয় মোকাবিলার জন্য প্রত্যেক ক্লাব থেকে একজন নোডাল পার্সন নেওয়া হবে। পরে তাদের প্রশিক্ষণ দেওয়া হবে এবং সিভিল ডিফেন্সে অন্তর্ভুক্তকরা হবে। জেলাশাসক বলেন, ক্লাব ও সামাজিক সংস্থার সাহায্য ছাড়া রাজ্য সরকারের পক্ষে একা প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করা সম্ভব নয়। তাই ক্লাবগুলিকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে।

কর্মশালায় ডা. বিশ্বজিৎ দেববর্মা ক্লাবগুলিকে রক্তদানে আরও এগিয়ে আসার আহ্বান জানান। কর্মশালায় পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশনের মাধ্যমে এবিষয়ে ক্লাবগুলির ভূমিকা তুলে ধরেন ডিস্ট্রিক্ট ম্যানেজমেন্ট অফিসার পিঙ্কি পাল। কর্মশালায় বিভিন্ন ক্লাবের সভাপতি, সাধারণ সম্পাদক, সদস্য ও সদস্যাগণ নিজ নিজ মতামত তুলে ধরেন এবং এবিষয়ে রাজ্য সরকারকে সহযোগিতার আশ্বাস দেন। শেষে এনডিআরএফ এর পক্ষ থেকে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে ডেমোনোস্ট্রেশন প্রদর্শন করা হয়।

*******